দৈনিক
ইত্তেফাক

তারিখ .. 05 SEP 2015 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ....

# টিএসসিতে ফের ছাত্রী লাঞ্ছিত, দুইজনকে গণধোলাই

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে এক ছাত্রীকে লাঞ্ছিত করায় দুই বহিরাগতকে গণধোলাই দিয়ে শাহবাগ থানায় সোপর্দ করেছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। গতকাল শুক্রবার সন্ধ্যা সাতটার দিকে এ ঘটনা ঘটে। এ বিষয়ে ভুক্তভোগী শিক্ষার্থী শাহবাগ থানায় লিখিত অভিযোগ করেছেন।

আটককৃতরা হলেন, যাত্রাবাড়ীর মো. ইমরুল হাসান টিটু (৩০) ও নারায়ণগঞ্জের সোনারগাঁ'র হাবিবুর রহমান (২৯)। টিটু কাগজ ব্যবসায়ী এবং হাবির কয়লা ব্যবসার সঙ্গে জড়িত বলে পুলিশ সূত্রে জানা যায়।

প্রত্যক্ষদর্শীরা জানান, সন্ধ্যায় টিএসসির পায়রা চত্বরে সহপাঠীদের সঙ্গে আড্ডা দিচ্ছিলেন বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের তৃতীয় বর্ষের এক ছাত্রী। এসময় বখাটে টিটু ও হাবিব ওই ছাত্রীকে অনুসরণ করতে থাকে। একপর্যায়ে ওই ছাত্রীর সহপাঠীরা চলে গেলে বখাটেরা ছাত্রীর পিছু নেয়, অশ্লীল অঙ্গভঙ্গি করে এবং ছাত্রীর কাছে ফোন নম্বর চায়। ভুক্তভোগী ছাত্রী ফোন নম্বর দিতে অপারগতা প্রকাশ করলে বখাটেরা তার গায়ে হাত দেয়ার চেষ্টা করে। এসময় ওই ছাত্রী মোবাইল ফোনে বিষয়টি তার বন্ধুদের জানায়। পরে বন্ধুরা এসে দুই বখাটেকে হাতেনাতে ধরে ফেলে। সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে বিশ্ববিদ্যালয়ের অর্ধশত শিক্ষার্থী জড়ো হয়ে দুই বখাটেকে গণধোলাই দেয়। পরে ঘটনাটি বিশ্ববিদ্যালয় প্রক্টরকে জানালে শাহবাগ থানা পুলিশ এসে বখাটেদের আটক করে নিয়ে যায়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক ড. এএম আমজাদ বলেন, ঘটনাটি শুনে বিশ্ববিদ্যালয়ের প্রক্টরিয়াল টিমকে সেখানে পাঠানো হয়। পরে দুই বখাটেকে শাহবাগ থানা পুলিশে হস্তান্তর করা হয়।

শাহবাগ থানার ওসি (তদন্ত) মো. জাফর আলী বিশ্বাস বলেন, ওই ছাত্রী এ বিষয়ে লিখিত অভিযোগ করেছেন। আটককৃতদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

এর আগে গত মঙ্গলবার রাতে টিএসসি এলাকায় বিশ্ববিদ্যালয়ের পপুলেশন সায়েন্সেস বিভাগের তৃতীয় বর্ষের এক ছাত্রী লাঞ্ছিত হন। ওই ঘটনায় জড়িত থাকায় বিশ্ববিদ্যালয়ের তিন ছাত্রকে সাময়িক বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।